Access Bangladesh Foundation

# টেকসই উন্নয়ন অভীষ্ট

সহস্রাব্দ উন্নয়ন অভীষ্ট (MDGs) এর সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখতে এবং দূর্বলতা বিবেচনায় রেখে বিশ্বের সকল স্তরের মানুষদেরকে একই ফ্রেমে এনে সার্বজনীন একটি উন্নয়ন নীতিমালা হিসেবে টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) নির্ধারিত হয়। **"কাউকে বাদ দিয়ে নয়"** এই শক্তিশালী অঙ্গীকারকে সামনে রেখে ২০৩০ সালের মধ্যে দরিদ্রতা দূরীকরণ, বিশ্বজুড়ে অর্থনৈতিক সমৃদ্ধি, সামাজিক উন্নয়ন ও পরিবেশ সুরক্ষার জন্য ১ জানুয়ারী, ২০১৬ থেকে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার বাস্তবায়ন কর্মকান্ড শুরু হয়। জাতিসংঘের ১৯৩টি সদস্য রাষ্ট্র তিন বছর ধরে নানা হিসাব নিকাশ শেষে ১৭টি অভীষ্ট ও ১৬৯টি লক্ষ্যমাত্রার বিষয়ে একমত হয়। ২৫ সেপ্টেম্বর ২০১৫, নিউইয়র্কে অনুষ্ঠিতব্য জাতিসংঘের সাধারণ পরিষদের ৭০তম অধিবেশনে বাংলাদেশসহ বিশ্বের শীর্ষ স্থানীয় নেতৃবৃন্দের সম্মতিতে টেকসই উন্নয়ন অভীষ্ট গৃহিত হয় যার শিরোনাম দেয়া হয় **"বদলে দেই আমাদের পৃথিবী: টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০"**।

## ১৭টি টেকসই উন্নয়ন অভীষ্ট

- অভীষ্ট-১: সর্বত্র সব ধরনের দরিদ্রতা নির্মূল করা;
- অভীষ্ট-২: ক্ষুধা নির্মূল করা, খাদ্য নিরাপত্তা অর্জন ও পুষ্টিকর খাদ্যের যোগান নিশ্চিত করা এবং টেকসই কৃষির বিস্তার করা;
- অভীষ্ট-৩: সব বয়সী সকল মানুষের সুস্বাস্থ্য ও জীবন-মানের নিশ্চয়তা প্রদান করা;
- অভীষ্ট-৪: সকলের জন্য অন্তর্ভুক্তিমূলক ও সমতাভিত্তিক গুণগত শিক্ষার নিশ্চয়তা প্রদান ও জীবনব্যাপী শিক্ষালাভের সুযোগ সৃষ্টি করা;
- অভীষ্ট-৫: নারী-পুরুষের সমতা অর্জন এবং সকল নারী ও মেয়েদের ক্ষমতায়ন নিশ্চিত করা;
- অভীষ্ট-৬: সবার জন্য পানি ও পয়ঃনিষ্কাশনের সহজপ্রাপ্যতা ও টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করা;
- অভীষ্ট-৭: সবার জন্য সাশ্রয়ী, নির্ভরযোগ্য, টেকসই এবং আধুনিক জ্বালানির নিশ্চয়তা প্রদান করা;
- অভীষ্ট-৮: সকলের জন্য স্থিতিশীল, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক উন্নতি সাধন করা এবং পূর্ণাঙ্গ ও উৎপাদনশীল কর্মসংস্থানের ব্যবস্থা করা;
- অভীষ্ট-৯: টেকসই অবকাঠামো নির্মাণ, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই শিল্পায়ন এর প্রসার এবং উদ্ভাবনাকে উৎসাহিত করা;
- অভীষ্ট-১০: রাষ্ট্রসমূহের আভ্যন্তরীন ও আন্তদেশীয় বৈষম্য হ্রাস করা;
- অভীষ্ট-১১: নগর ও মানববসতিসমূহ অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ, স্থিতিশীল ও টেকসই করে গড়ে তোলা;
- অভীষ্ট-১২: উৎপাদন ও ভোগের টেকসই ধরণের নিশ্চয়তা প্রদান;
- অভীষ্ট-১৩: জলবায়ু পরিবর্তন ও প্রভাব মোকাবিলায় জরুরী ব্যবস্থা গ্রহণ করা;
- অভীষ্ট-১৪: সাগর, মহাসাগর ও সামুদ্রিক সম্পদের টেকসই ব্যবহার নিশ্চিত করা;
- অভীষ্ট-১৫: ভূপৃষ্ঠের জীববৈচিত্র্য সুরক্ষা ও ক্ষতিরোধ করা, পুনর্বহাল করা এবং টেকসই ব্যবহার নিশ্চিত করা, টেকসই বন ব্যবস্থাপনা করা, মরুকরণ ও ভূমিক্ষয় রোধ করা;
- অভীষ্ট-১৬: শান্তিপূর্ণ ও অংশগ্রহণমূলক সমাজ বিনির্মাণ ত্বরান্বিতকরণ, সকলের জন্য ন্যায়বিচার নিশ্চিতকরণ, সকল স্তরে কার্যকর, জবাবদিহি ও অংশগ্রহণমূলক প্রতিষ্ঠান গড়ে তোলা;
- অভীষ্ট-১৭: টেকসই উন্নয়নের জন্য এসব বাস্তবায়নের উপায় নির্ধারণ ও বৈশ্বিক অংশীদারিত্বের স্থিতিশীলতা আনয়ন করা।

**অ্যাকসেস বাংলাদেশ ফাউন্ডেশন**
১০ তারাপুর, সাভার, ঢাকা ১৩৪০, ফোন: + ৮৮ ০২ ৭৭৪৩১৪৫
ইমেইল:info@accessbangladesh.org ওয়েব:www.accessbangladesh.org

সহযোগিতায়: DISABILITY RIGHTS FUND



Access Bangladesh Foundation

# টেকসই উন্নয়ন অভীষ্ট ও প্রতিবন্ধী ব্যক্তি

## টেকসই উন্নয়ন অভীষ্টে প্রতিবন্ধিতা ও প্রতিবন্ধী ব্যক্তি উল্লেখিত লক্ষ্যমাত্রা ও সূচক

| লক্ষ্যমাত্রা | সূচক |
|---|---|
| **অভীষ্ট-১: সর্বত্র সব ধরনের দারিদ্র্যের অবসান** | |
| ১.৩ ন্যূনতম সামাজিক নিরাপত্তা সুবিধার নিশ্চয়তাসহ সকলের জন্য জাতীয়ভাবে উপযুক্ত সামাজিক সুরক্ষা ব্যবস্থা ও সংশ্লিষ্ট পদক্ষেপের বাস্তবায়ন এবং ২০৩০ সালের মধ্যে দরিদ্র ও অরক্ষিত জনগোষ্ঠীর একটি উল্লেখযোগ্য অংশকে এ ব্যবস্থার আওতায় নিয়ে আসা | ১.৩.১ নারী ও পুরুষ, বৈষম্যের শিকার শিশু, বেকার, বৃদ্ধ, **প্রতিবন্ধী ব্যক্তি**, নব শিশু, প্রসূতী নারী, কর্ম ক্ষেত্রে আঘাতপ্রাপ্ত ব্যক্তি/কর্মী এবং দরিদ্র ও অসহায় ব্যক্তিদের সামাজিক সুরক্ষা পদ্ধতিতে অন্তর্ভুক্তির অনুপাত |
| **অভীষ্ট-৪: সকলের জন্য অন্তর্ভুক্তিমূলক ও সমতাভিত্তিক গুণগত শিক্ষার নিশ্চয়তা প্রদান ও জীবনব্যাপী শিক্ষালাভের সুযোগ সৃষ্টি করা** | |
| ৪.৫ ২০৩০ সালের মধ্যে, শিক্ষা ক্ষেত্রে লিঙ্গ (জেন্ডার) বৈষম্য দূর করে **প্রতিবন্ধী ব্যক্তি**, আদিবাসী জনগোষ্ঠী এবং ঝুঁকিপূর্ণ শিশুসহ পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জন্য সর্বস্তরের শিক্ষা এবং বৃত্তিমূলক প্রশিক্ষণে সমঅংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | |
| ৪.ক শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা গ্রহণকারীর মধ্যে যেমন: শিশু, **প্রতিবন্ধী ব্যক্তি** এবং লিঙ্গ (জেন্ডার) বৈষম্যহীন হতে হবে এবং সবার জন্য নিরাপদ, অ-সহিংস, একীভূত এবং কার্যকর শিক্ষণ পরিবেশ নিশ্চিত করতে হবে | ৪.ক.১ নিম্নলিখিত সুবিধাযুক্ত স্কুলের অনুপাত: (ক) বিদ্যুৎ; (খ) শিক্ষা সংক্রান্ত উদ্দেশ্যে ইন্টারনেট; (গ) শিক্ষা সংক্রান্ত উদ্দেশ্যে কম্পিউটার; (ঘ) **প্রতিবন্ধী ছাত্রছাত্রী**দের উপযোগী অবকাঠামো ও দ্রব্যাদী; (ঙ) বিশুদ্ধ খাবার পানি; (চ) পুরুষ ও মহিলাভেদে পৃথক টয়লেট; (ছ) হাত ধোয়ার সুব্যবস্থা |
| **অভীষ্ট-৮: সকলের জন্য স্থিতিশীল, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক উন্নতি সাধন করা এবং পূর্ণাঙ্গ ও উৎপাদনশীল কর্মসংস্থানের ব্যবস্থা করা** | |
| ৮.৫ ২০৩০ সালের মধ্যে যুবক এবং **প্রতিবন্ধী ব্যক্তি**সহ সকল নারী পুরুষ এর জন্য মানসম্পন্ন এবং উপযোগী কর্ম ব্যবস্থা সম্পাদন করা এবং সমকাজের জন্য ন্যায্য ও সমমজুরী নিশ্চিত করা | ৮.৫.১ সব ধরনের কর্মীর, এমনকি বয়:প্রাপ্ত ও **প্রতিবন্ধী পুরুষ** ও নারী কর্মীর ঘণ্টা প্রতি গড় আয়ের অনুপাত<br>৮.৫.২ নারী ও পুরুষ, বয়স ও **প্রতিবন্ধী ব্যক্তি**ভেদে বেকারত্বের হার |
| **অভীষ্ট-১০: রাষ্ট্রসমূহের আভ্যন্তরীন ও আন্তদেশীয় বৈষম্য হ্রাস করা** | |
| ১০.২ ২০৩০ সালের মধ্যে নারী ও পুরুষ, **প্রতিবন্ধী ব্যক্তি**, আদিবাসী, বর্ণ, ধর্ম, বয়স, লিঙ্গ, নির্বিশেষে সকলের সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক অন্তর্ভুক্তি এবং ক্ষমতায়ন নিশ্চিত করা | ১০.২.১ নারী ও পুরুষ, বয়স ও **প্রতিবন্ধী ব্যক্তি**ভেদে মধ্যম আয়ের ৫০ শতাংশের নিচে যারা বসবাস করে তাদের হার |
| **অভীষ্ট-১১: নগর ও মানববসতিসমূহ অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ, স্থিতিশীল ও টেকসই করে গড়ে তোলা** | |
| ১১.২ ২০৩০ সালের মধ্যে **প্রতিবন্ধী ব্যক্তি**, নারী শিশুদের প্রতি বিশেষ মনোযোগী হওয়াসহ সকলের জন্য নিরাপদ, সাশ্রয়ী, প্রবেশগম্য এবং স্থায়ী যাতায়াত ব্যবস্থা প্রদান করা এবং নিরাপদ চলাচলের উন্নয়ন এবং গণ-পরিবহনের ব্যবস্থা নিশ্চিত করা। | ১১.২.১ নারী ও পুরুষ, বয়স ও **প্রতিবন্ধী ব্যক্তি**ভেদে সকলের জন্য গণপরিবহণের প্রবেশগম্যতা নিশ্চিত করা |
| ১১.৭ ২০৩০ সালের মধ্যে নারী ও শিশু, বৃদ্ধ এবং **প্রতিবন্ধী ব্যক্তি**দের জন্য সার্বজনীন নিরাপদ প্রবেশগম্য, একীভূত এবং প্রবেশগম্য, দূষণমুক্ত এবং খোলা জায়গার ব্যবস্থা করা | ১১.৭.১ শহরের নির্ধারিত খোলা জায়গায় সকল বয়সের নারী পুরুষ, **প্রতিবন্ধী ব্যক্তি**র সমসুযোগের হার<br>১১.৭.২ বিগত ১ বছরে শারিরীক ও যৌন নির্যাতনের শিকার সকল বয়সের নারী পুরুষ ও **প্রতিবন্ধী ব্যক্তি**র হার |
| **অভীষ্ট-১৬: শান্তিপূর্ণ ও অংশগ্রহণমূলক সমাজ বিনির্মাণ ত্বরান্বিতকরণ, সকলের জন্য ন্যায়বিচার নিশ্চিতকরণ, সকল স্তরে কার্যকর, জবাবদিহি ও অংশগ্রহণমূলক প্রতিষ্ঠান গড়ে তোলা** | |
| ১৬.৭ সকল স্তরে সংবেদনশীল (তৎপর), **অন্তর্ভুক্তিমূলক**, অংশগ্রহণমূলক ও প্রতিনিধিত্বশীল সিদ্ধান্ত গ্রহণ নিশ্চিত করা | ১৬.৭.১ গণপ্রতিষ্ঠানে ক্ষমতায়নের জাতীয় বিভাজনের ক্ষেত্রে (জাতীয় ও স্থানীয় আইনী প্রতিষ্ঠান, সরকারি সেবা প্রতিষ্ঠান ও বিচারিক প্রতিষ্ঠান) সকল বয়সের নারী-পুরুষ **প্রতিবন্ধী ব্যক্তি** ও গণদলের পরিমাণ<br>১৬.৭.২ **অন্তর্ভুক্তিমূলক** ও দায়িত্বশীল সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সকল বয়সের নারী পুরুষ ও **প্রতিবন্ধী ব্যক্তি** ও গণদলের অবস্থানের পরিমাণ |
| **অভীষ্ট-১৭: টেকসই উন্নয়নের জন্য এসব বাস্তবায়নের উপায় নির্ধারণ ও বৈশ্বিক অংশীদারিত্বের স্থিতিশীলতা আনয়ন করা** | |
| ১৭.১৮ আয়, লিঙ্গ, বয়স, জাতিসত্তা, নৃতাত্ত্বিক পরিচয়, অভিবাসন, **প্রতিবন্ধিতা** ও ভৌগোলিক অবস্থান এবং জাতীয় প্রেক্ষাপটে প্রাসঙ্গিক অন্যান্য বৈশিষ্ট্য অনুযায়ী বিভাজিত উন্নতমানের, সময়োপযোগী ও নির্ভরযোগ্য তথ্য উপাত্তের প্রাপ্যতা উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধির লক্ষ্যে ২০২০ সালের মধ্যে উন্নয়নশীল দেশগুলোতে বিশেষ করে স্বল্পোন্নত দেশ ও উন্নয়নশীল ক্ষুদ্র দ্বীপ রাষ্ট্রগুলোতে সক্ষমতা বিনির্মাণ সহায়তা বৃদ্ধি করা | |

**অ্যাকসেস বাংলাদেশ ফাউন্ডেশন**
১০ তারাপুর, সাভার, ঢাকা ১৩৪০, ফোন: + ৮৮ ০২ ৭৭৪৩১৪৫
ইমেইল:info@accessbangladesh.org ওয়েব:www.accessbangladesh.org

সহযোগিতায়: DISABILITY RIGHTS FUND